গাংনীতে পুষ্টি সপ্তাহ উপলক্ষে আলোচনা সভা অনুষ্ঠিত

সঠিক পুষ্টিতে সুস্থ্য জীবন প্রতিপাদ্য নিয়ে হাংনীতে গাংনীতে জাতীয় পুষ্টি সপ্তাহ ২০২২ পালিত হচ্ছে। পুষ্টি সপ্তাহ উপলক্ষে আজ রোববার (২৪ এপ্রিল) বেলা ১১ টার সময় গাংনী উপজেলা স্বাস্থ্য কমপ্লেক্সে আলোচনা সভা অনুষ্ঠিত হয়েছে।

গাংনী উপজেলা স্বাস্থ্য ও পরিবার কল্যাণ অফিসার ডাক্তার আশরাফুল ইসলামের সভাপতিত্বে অনুষ্ঠিত আলোচনা সভায় বিশেষ িঅতথির বক্তব্য রাখেন, গাংনী উপজেলা স্বাস্থ্য কমপ্লেক্সের আবাসিক মেডিকেল অফিসার ডাক্তার এমকে রেজা, গাংনী থানার তদন্ত অফিসার মনোজিৎ কুমার নন্দী, উপজেলা মাধ্যমিক শিক্ষা অফিসার মীর হাবিবুল বাশার, সমাজ সেবা অফিসার কাজী মুনসুর আলম, যুব উন্নয়ন অফিসার হাসান ইমাম। গাংনী উপজেলা ইপিআই টেকনিশিয়ান আব্দুর রশিদের সঞ্চালনায় অন্যান্যদের মধ্যে বক্তব্য রাখেন গাংনী উপজেলা প্রেসক্লাবের সভাপতি আমিরুল ইসলাম অল্ডাম।
আলোচনা সভায় শিক্ষক, সাংবাদিক, ইমাম, শিক্ষার্থীসহ বিভিন্ন শ্রেনী পেশার লোকজন উপস্থিত ছিলেন।

পুষ্টি সপ্তাহ উপলক্ষে গাংনী উপজেলা পুষ্টি কমিটির আয়োজনে মুক্তিযোদ্ধা, সুশীল সমাজ, রাজনৈতিক নেতৃবৃন্দ নিয়ে পুষ্টিবার্তা প্রদান, কমিউনিটি ক্লিনিকের মাধ্যমে মায়েদের পুষ্টিবার্তা প্রদান, টিকাদান কেন্দ্রে পুষ্টিবার্তা প্রদান, এছাড়া উপজেলা হাসপাতালে ও কমিউনিটি ক্লিনিকের আয়াদের পরিবারের মাঝে পুষ্টিমান খাবার বিতরণ কর্মসূচি নেয়া হয়েছে।

গত ২৩ এপ্রিল থেকে শুরু হয়ে আগামী ২৯ এপ্রিল পুষ্টি সপ্তাহ সমাপ্তি হবে।

গাংনীতে সয়াবিন তেলের তেলেসমাতি কারবার

গাংনীর তিন ডিলারের কারসাজিতে এক সপ্তাহের ব্যবধানে প্রতি কেজি (ভোজ্য তেল) সয়াবিন তেলের দাম বেড়েছে শহরে ১৫ টাকা আর গ্রামাঞ্চলে ২০ থেকে ২৫ টাকা। গাংনী শহরে মের্সাস সিদ্দিক ট্রেডার্স সিটি গ্রুপের তীর সয়াবিন, মেসার্স সেলিম ট্রেডার্স বসুন্ধরা গ্রুপের সয়াবিন তেল ও আতিয়ার ট্রেডার্স রুপ চাঁদা সয়বিন তেলের ডিলার।

তেলের দাম এক সপ্তাহের ব্যবধানে শহরে ১৫ টাকা আর গ্রামাঞ্চলের দোকানে ২০/২৫ টাকা বাড়লেও উপজেলা প্রশাসন জানে আন্তর্জাতিক বাজারের কারণে ভোজ্য তেলের দাম বেড়েছে। তবে, ডিলারদের সাথে কথা বলবেন বলে জানালেন উপজেলা নির্বাহী অফিসার মৌসুমী খানম। গাংনী উপজেলা শহর ও গ্রামাঞ্চলের তেলের বাজার ঘুরে বিভিন্ন ভোক্তা, খুচরা বিক্রেতা ও ডিলারদের সাথে কথা বলে পাওয়া গেছে তেলের বাজারের চিত্র।

গাংনী উপজেলায় এখন দোকানগুলোতে খোলা তেল পাওয়া গেলেও কোম্পানীর বোতলজাত তেলের কোনো হুদিশ মিলছে না। খুচরা ব্যবসায়ীরা অভিযোগ করছেন, ডিলাররা বোতলজাত তেল কোম্পানীর কাছ থেকে এনে খুচরা পাইকারদের কাছে খোলা তেল বানিয়ে বিক্রি করছেন। এতে তারা ৫ লিটারের এক বোতল তেল ১০ টাকার পরিবর্তে ১০০ থেকে ১১০ টাকা অতিরিক্ত মুনাফা অর্জন করছেন। তারা বাজারে কৃতিম সংকট সৃষ্টি করেই এই অতিরিক্ত মুনাফা লুটছেন বলে জানিয়েছেন খুচরা পাইকার ব্যবসায়ীরা।

তবে সিটি গ্রুপের তীর সয়াবীন তেলের গাংনী উপজেলার ডিলার মের্সাস সিদ্দিক স্টোরের মালিক সিদ্দিকুর রহমান জানান, আমরা তেলের জন্য কোম্পানীকে ১০ লক্ষ টাকার ডিডি পাঠালে তারা আমাদের ৬ লাখ টাকার সয়বিন তেল দিচ্ছেন কোম্পানী। বাকী ৪ লাখ টাকার শরিষার তেল দিচ্ছেন তারা। এসব তেল পেতে আমাদের দেড় থেকে দুই থেকে মাস অপেক্ষা করা লাগে। তারপর তেল পাচ্ছি। এতে আমরা বেশ ক্ষতির মুখে পড়ছি। তারপরেও কোম্পানী আমাদের ৪ লক্ষ টাকার শরিষার তেলের দামও বেশী নিচ্ছেন। শরিষার প্রতি কেজি তেলের দাম ১০০ টাকা থাকলেও সেটা আমাদের কাছে এখন ১৬০ টাকা ধরে নিচ্ছে। তিনি অভিযোগ করেছেন

[redacted]

[redacted]

[redacted]

[

মেহেরপুরে ভাড়া বাসা থেকে সেনা সদস্যের স্ত্রীর মরদেহ উদ্ধার

মেহেরপুরের সদর উপজেলার আমঝুপির একটি ভাড়া বাসা থেকে রেশমা খাতুন
(৩০) নামের সেনা সদস্যের স্ত্রীর মরদেহ উদ্ধার করেছে সদর থানা পুলিশ।

আজ রোববার (২৪ এপ্রিল) সকাল ৮ টার দিকে সদর থানা পুলিশের একটি টীম ঘটনাস্থলে পৌছে নিহতের মরদেহ উদ্ধার করেন।

নিহতের স্বজনদের দাবী রেশমাকে শারীরিক নির্যাতন ও শ্বাসরোধ করে হত্যা করে আত্মহত্যার নাটক সাজিয়েছে তার স্বামী সেনা সদস্য মিঠু। এঘটনায় নিহতের স্বজনরা স্বামী মিঠুকে আটক ও দৃষ্টান্ত মুলক শাস্তির দাবী করেছেন।

নিহত রেশমা মেহেরপুর সদর উপজেলার রাজনগর গ্রামের খলিলুর রহমানের মেয়ে ও একই গ্রামের বদর উদ্দীনের ছেলে সেনা সদস্য মিঠু হোসেনের স্ত্রী।

তারা আমঝুপি গ্রামের কারিগর পাড়া এলাকার সামিউল টাওয়ারের দ্বিতীয় তলার একটি ফ্লাটে ভাড়ায় থাকতো।
রেশমার মা আমিনা খাতুন জানান, মিঠুর পরোকীয়া প্রেমে বাধা দেওয়ায় আমার মেয়েকে মিঠু প্রায় মারধর করতো। প্রতিনিয়ত সে মোবাইল ফোনে কথা বলাতে নিষেধ করতো রেশমা।

তিনি জানান, ৮ দিন আগে সেনা সদস্য মিঠু ছুটিতে বাড়িতে এসে আজকেই ছুটি শেষ করে কর্মস্থলে ফেরার কথা তার।
তবে সকালের দিকে মিঠু তার স্ত্রীর পাশে বসে কান্না কান্নাকাটি করলেও রেশমার বাবার পরিবারের লোকজন আসার সাথে সাথে ছেলেকে নিয়ে পালিয়ে যায়।

নিহতের পিতা খলিলুর রহমান অভিযোগ করেন, ওই সেনা সদস্য আমার মেয়েকে প্রতিনিয়ত নির্যাতন করে আসছে তার স্বামী মিঠু। আমার মেয়ে প্রায় দিনেই ফোন দিয়ে তার উপর অকথ্য নির্যাতনের কথা বলেছে আমাদের। আমার জামায় মোবাইল ফোনে পরিকয়া প্রেম করে বলে জানিয়েছিল মেয়ে। রেশমার পরকিয়া প্রেম করতে তাকে নিষেধ করাই মারধর করতো সে।

রেশমার বড় চাচা আব্দুল গনি অভিযোগ করেন, মিঠু ও রওশানার সম্পর্ক করে বিয়ে করাই মিঠুর পরিবারের লোকজন মেনে নেয়নি। তারা বলতো আজ হোক আর দশ বছর পর হোক রেশমাকে ছাড়িয়ে দেবে। মেয়েটি মৃত্যুর ভয়ে প্রায় কাতর থাকতো। তাকে মেরে ফেলা হবে বলেও সে আভাস দিয়েছে। এ ঘটনায় মিঠুর বিরুদ্ধে মামলা দায়েরের প্রস্তুতি নিচ্ছেন রেশমার পরিবারের লোকজন।

মেহেরপুর সদর থানার ভারপ্রাপ্ত কর্মকর্তা (ওসি) শাহ দারা খান বলেন, রেশমার পরিবারের লোকজনের তথ্যের ভিত্তিতে ঘটনাস্থল থেকে নিহতের মরদেহ উদ্ধার করা হয়েছে। সুরোতহাল রিপোর্ট তৈরী করে ময়না তদন্তের জন্য মেহেরপুর জেনারেল হাসপাতাল মর্গে নেওয়া হয়েছে তার মরদেহ।

গাংনীর সুর্যোদয় স্কুল এন্ড কলেজের তিনটি সিসি ক্যামেরা চুরি

গাংনী পৌর শহরের সুর্যোদয় স্কুল এন্ড কলেজের নিরাপত্তার জন্য ব্যবহৃত তিনটি সিসি ক্যামেরা চুরি করে নিয়ে গেছে দূর্বৃত্তরা। গত শুক্রবার বিকালে ঝড় বৃষ্টির কারনে গভীর রাত পর্যন্ত বিদ্যুৎ না থাকা অবস্থায় সুযোগ পেয়ে সিসি ক্যামেরা তিনটি খুলে নিয়ে যায় দূবৃৃত্তরা।
এঘটনায় সুর্যোদয় স্কুল এন্ড কলেজের অধ্যক্ষ বদরুদোজা লাল্টু বাদী হয়ে গাংনী থানায় একটি লিখিত অভিযোগ দায়ের করেছেন। সুর্যোদয় স্কুল এন্ড কলেজের অধ্যক্ষ বদরুদোজা লাল্টু জানান, ঝড় বৃষ্টি হওয়ার পর আমি সন্ধ্যার দিকে প্রতিষ্ঠানে গিয়ে সিসি ক্যামেরাসহ বিদ্যালয়ের বিভিন্ন বৈদ্যতিক বাতির স্যুইচগুলো অন করে দিয়ে আসি। সন্ধ্যার পর থেকে গভীর রাত পর্যন্ত বিদ্যুৎ না আসার সুযোগে দূর্বৃত্তার বিদ্যালয়ের নিরাপত্তার জন্য ব্যবহৃত তিনটি ক্যামেরা খুলে নিয়ে গেছে।
সুর্যোদয় স্কুল এন্ড কলেজের পরিচালক আবুল কাশেম অনুরাগী জানান,

বেশ কিছুদিন আগে থেকে এলাকার একজন বখাটে একটি ছাত্রীকে উত্ত্যেক্ত করতো। তাকে স্কুলের পক্ষ থেকে বারণ করাই সে বেশ কিছুদিন যাবৎ হুমকী ধামকী দিয়ে আসছিল। বেশ কয়েকবার বিদ্যালয়ের পানির ট্যাপ , ফুলের টবও ভেঙ্গে দিয়ে গেছে।
গাংনী থানার ভারপ্রাপ্ত কর্মকর্তা (ওসি) আব্দুর রাজ্জাক জানান , এ বিষয়ে একটি লিখিত অভিযোগ পেয়েছি। অভিযোগ পাওয়ার পরপরই সন্দেহভাজন একটি ছেলের খোঁজ খবর নেওয়া হয়েছে। এর সমাধানও হয়ে যাবে।

গাংনীর সানঘাটে বন্দুকী জমির টাকা ফেরৎ চাওয়ায় বর্গা চাষীকে পিটুনি

বন্দুকী জমির টাকা ফেরৎ চাওয়ায় মহিবুল ইসলাম (৪০) নামের এক বর্গা চাষীকে মারপিট করে হাসপাতালে পাঠিয়েছে প্রতিপক্ষরা।
আহত মহিবুল ইসলাম গাংনী উপজেলার সানঘাট গ্রামের দাইড়পাড়া এলাকার দাউদ হোসেনের ছেলে।
শনিবার (২৩ এপ্রিল) সন্ধ্যায় এ মারপিটের ঘটনা ঘটে। আহত মহিবুল ইসলাম বর্তমানে গাংনী উপজেলা স্বাস্থ্য কমপ্লেক্ ্ের চিকিৎসাধীন রয়েছেন।
আহত মহিবুল ইসলাম জানান , শহিদুল ইসলামের ছেলে প্রবাসী সেন্টুর কাছ থেকে প্রায় ৬ বছর আগে ৬০ হাজার টাকা দিয়ে ১৫ কাঠা জমি বন্দুক ন্িই। সেই জমি সেন্টুর ভাই মিন্টু হোসেন ১ লাখ টাকায় একই গ্রামের মহির উদ্দীনের কাছে রাখেন। তারা আমাকে জমি ছেড়ে দেওয়ার জন্য নির্দেশ দেই। আমার দেওয়া ৬০ হাজার টাকা ফেরৎ পাওয়ার পর তাকে জমি ছেড়ে দেবো বলেছি। আমি তার কাছে আমার ৬০ হাজার টাকা চাইলে মিন্টু আমাকে জানান টাকা তুই পাবিনা। এনিয়ে উভয়ের মধ্যে বাক বিতন্ডার এক পর্যায়ে আমাকে বেদম মারধর শুরু করে। শুধু ঘাড় ও মাথায় কিল ঘুষির আঘাঁত করাই মহিবুল ইসলামের ঘাড়ের রগে টান ধরেছে বলে জানান।
গাংনী উপজেলা স্বাস্থ্য কমপ্লেক্ ্েরর জরুরী বিভাগে কর্মরত

চিকিৎসক জামির জানান, আহত মহিবুল ইসলামের শরীরে মারের আঘাঁত রয়েছে। বর্তমানে উপজেলা স্বাস্থ্য কমপ্লেক্ ্ের চিকিৎসাধীন রয়েছেন তিনি।

গাংনীতে দ্বিতীয় স্ত্রী নিয়ে তালাকপ্রাপ্ত প্রথম স্ত্রীর সন্তানকে দেখতে গিয়ে হামলার শিকার হলেন আশিকুর

দ্বিতীয় স্ত্রীকে সাথে নিয়ে প্রথম স্ত্রীর বাড়িতে সন্তান দেখতে গিয়ে পিটুনির শিকার হয়েছেন আশিকুর রহমান নামের এক ব্যাক্তি। আশিকুর রহমান গাংনী উপজেলার মথুরাপুর গ্রামের রেজাউল হকের ছেলে। শনিবার (২৩ এপ্রিল) সন্ধ্যার পর এ মারধরের ঘটনা ঘটে। আশিকুর রহমান বর্তমানে গাংনী উপজেলা স্বাস্থ্য কমপ্লেক্ ্ের চিকিৎসাধীন রয়েছেন।

আহত আশিকুর রহমান জানান, আমার প্রথম স্ত্রী একই উপজেলার সহড়তলা গ্রামের মহসিন আলীর মেয়ে কেমি খাতুন। তার সাথে পরিপর্তা না হওয়ায় প্রায় ৮ মাস পূর্বে তার সাথে ছাড়াছাড়ি হয়ে যায়। পরে আমি দ্বিতীয় বিয়ে করি। সেখানে আমার দেড় বছর বয়সী একটি ছেলে রয়েছে। ছেলেটি বেশ কয়েকদিন যাবৎ অসুস্থ থাকায় সন্ধ্যার দিকে আমি আমার পিতা ও স্ত্রী মিলে প্রথমে বামন্দীর একটি ক্লিনিকে যায়। সেখানে না পেয়ে সহড়াতলা গ্রামে যায়। ছেলের জন্য ঈদের কিছু পোশাকও নিয়ে গেছি। আমার বাবা ওখানে যাওয়ার সাথে সাথে মহসিন আলী ও তাদের লোকজন আমার বাবাকে মারধর করে তাড়িয়ে দেয়। পরে আমরা রাস্তার উপর ছিলাম। আমার স্ত্রীকেও মারধর শুরু করে। আমি ঠেকাতে গেলে আমাকে মারপিট শুরু করে। পরে গ্রামের মানুষ জন আমাদের উদ্ধার করে হাসপাতালে নিয়ে আসেন।

সহড়াতলা গ্রামের স্থানীয়রা নাম প্রকাশ না করার শর্তে জানান, মহসিন আলী অন্যায়ভাবে আশিকুর রহমান ও তার পিতা ও স্ত্রীকে মারধর করেছেন। তার ছেলেকে দেখতে এসেছে। দুর থেকে দেখিয়ে দিলেই তো হয়ে

যেতো। তাদের উপর হামলা করা অন্যায় হয়েছে।
গাংনী উপজেলা স্বাস্থ্য কমপ্লেক্সের জরুরী বিভাগে কর্মরত চিকিৎসক জানান, আহত আশিকুর রহমানের শরীরে জামির জানান, আহতের শরীরে মারের আঘাঁত রয়েছে। বর্তমানে উপজেলা স্বাস্থ্য কমপ্লেক্সেরর ১ নং কেবিনে চিকিৎসাধীন রয়েছেন তিনি।

মোবাইল ফোন চোর সিরাজুল ইসলাম দুই দিনের রিমান্ডে

বিকাল এজেন্টের মোবাইল ফোন চুরির মামলার প্রধান আসামী সিরাজগঞ্জ জেলার সিরাজুল ইসলাম (৫০) কে জিজ্ঞাসাবাদের দুই দিনের রিমান্ডে নিয়ে গাংনী থানা পুলিশ।

গাংনী থানার ভবানীপুর পুলিশ ক্যাম্পের ইনচার্জ উপপরিদর্শক (এসআই) জহির রায়হান ৫ দিনের রিমান্ড আবেদন করলে সিনিয়র জুডিশিয়াল সিনিয়র ম্যাজিস্ট্রেট গাংনী আদালতের বিজ্ঞ বিচারক তারিকুল ইসলাম শুনানি শেষে দুই দিনের রিমান্ড মুঞ্জুর করেন।

শনিবার দুপুরের দিকে তাকে মেহেরপুর জেল হাজত থেকে গাংনী থানায় নেওয়া হয়েছে। আগামীকাল রোববার (২৪ এপ্রিল) তার রিমান্ড শেষ হবে।

মামলার তদন্ত অফিসার উপপরিদর্শক (এসআই) জহির রায়হান এ তথ্য নিশ্চিত করেছেন। তিনি জানান, আসামী সিরাজুল ইসলাম ও অপর আসামী সবিদুল ইসলাম গত ১৫ এপ্রিল শুক্রবার বিকাল সাড়ে ৫ টার দিকে গাংনী উপজেলার কাজিপুর গ্রামের গোলাম বাজারের নুর টেলিকমে প্রবেশ করেন।

নুর টেলিকমের ০১৭০০৬৭৩৮৬৭ বিকাশ থেকে ০১৯৫০৯৮১২৬৮ মোবাইল নং ৫০০ টাকা বিকাশ পাঠান। পরে তারা দোকান মালিক কবলুস হোসেনের কাছ থেকে কিছু মালামাল চান। বিকাশ এজেন্ট ওই মোবাইল ফোনটি দোকানের ড্রয়ারে রেখে অন্য মাল নিয়ে আনতে গেলে সিরাজুল ইসলাম ও সবিদুল ইসলাম মোবাইল ফোনটি নিয়ে পালিয়ে যায়।

এসময় জনগণ এলাকায় খোঁজাখুজির এক পর্যায়ে সিরাজুল ইসলামকে আটক করে। পরে ভবানীপুর পুলিশ ক্যাম্পে খবর দিলে তাকে জনতার হাত থেকে উদ্ধার করে।

পলাতক সবিদুল ইসলাম কুষ্টিয়া জেলার দৌলতপুর উপজেলার গুড়িপাড়া গ্রামের শশুর ইদ্রিস আলীর বাড়িতে বসবাস করেন।

নুর টেলিকমের মালিক কবলুস হোসেন জানান, রিয়েল মি-১০ নোট প্যাড যার দাম ২৩ হাজার টাকা ও মোবাইল ফোনে বিকাশ একাউন্টে দুটি সিম কার্ডের ২ লাখ টাকা আছে। এঘটনায় একটি মামলা দায়ের করা হয়েছে।

গাংনীতে ডিবি পুলিশের অভিযানে গাঁজাসহ মাদক কারবারী আটক

৪০০ গ্রাম গাঁজাসহ দেলোয়ার হোসেন সাঈদী (২৪) নামের এক মাদক কারবারীকে আটক করেছে জেলা গোয়েন্দা পুলিশ (ডিব)। আটক দেলোয়ার হোসেন গাংনী উপজেলার নওপাড়া গ্রামের সাহাব উদ্দীনের ছেলে।

শনিবার বেলা ৩ টার দিকে গাংনী-কাথুলি সড়কের নওপাড়া গ্রামের জনৈক মফিজুলের বাড়ির সমনে থেকে তাকে গাঁজাসহ আটক করা হয়। এসময় তার কাছ থেকে ৪০০ গ্রাম গাঁজা ও একটি পাখি ভ্যান উদ্ধার হয়।

ডিবি পুলিশের উপপরিদর্শক (এসআই) সুলতান মাহমুদের নেতৃত্বে এএসআই আহসান হাবীব, এএসআই মাহাতাব উদ্দীন এএসআই হেলাল উদ্দীন সঙ্গীয় ফোর্সসহ অভিযানে অংশ নেন। এ ঘটনায় মাদকদ্রব্য নিয়ন্ত্রণ আইনে গাংনী থানায় নিয়মিত মামলা হয়েছে।

গাংনীতে মসজিদের দানবাক্সের টাকা চুরি করতে গিয়ে ইমাম আটক

নিজে একটি জামে মসজিদের পেশ ইমাম। তবে, তার নেশা অন্য মসজিদের দান বাকসের টাকা চুরি। শুধু টাকা নয়, মসজিদের অন্যান্য জিনিসপত্রও চুরি করা তার পেশা।

এ যেনো চোরে না শোনে ধর্মের কাহিনী। গাংনী উপজেলার চরগোয়ালগ্রাম গ্রামের জামে মসজিদের তালা ভেঙ্গে টাকা চুরির সময় ধরা পড়লেন কাজী আল হেলাল (৪৫) নামের এক চোর।

কাজী আল হেলাল (৪৫) চুয়াডাঙ্গা জেলার আলমডাঙ্গা উপজেলার ভাঙবাড়িয়া গ্রামের মৃতু ডাক্তার কাজী সদর উদ্দীনের ছেলে। সে কুষ্টিয়ার মিরপুর উপজেলার আবুরী জামে মসজিদের পেশ ইমাম হিসেবে কর্মরত।

শনিবার বেলা সাড়ে ১১ টার সময় গাংনী উপজেলার মটমুড়া ইউনিয়নের গোয়ালগ্রামের একটি জামে মসজিদের দান বাকসের তালা ভেঙ্গে টাকা পয়সা চুরি করেন। এসময় মসজিদ কমিটির সভাপতি মসজিদ পরিষ্কার করতে গিয়ে তাকে টাকা চুরি করা অবস্থায় আটক করেন।

জামে মসজিদ কমিটির সভাপতি মহসিন আলী জানান, গতকাল রাতে ঝড় বৃষ্টির কারনে পাতা ও ধুলো পড়ে নোংরা হয়ে ছিলো মসজিদটি। নোংরা পরিস্কার করার জন্য মসজিদে যায়। মসজিদের প্রধান ফটক সামান্য খোলা দেখতে পাই প্রথমে।

পরে ভিতরে গিয়ে দেখি চোর দান বাকসের তালা ভেঙ্গে টাকা পয়সা ব্যাগে করে নিয়ে যাবার প্রস্তুতি নিচ্ছেন। হৈ চৈ শুরু করলে আশে পাশের লোকজন এসে তাকে আটক করে পুলিশের হাতে সোপর্দ করি।

তিনি বলেন এর আগেও মুসল্লি সেজে দু দফা একই মসজিদের দান বাকসের টাকা চুরি করেছে সে। এছাড়া গাংনীর আরেকটি মসজিদের মটর চুরির করতে গিয়ে সে ধরা পড়ে উত্তম মাধ্যম খেয়েছে। তার নামে নিজ এলাকাতেও একাধিক চুরির অভিযোগ রয়েছে বলে একাধিক সূত্রে জানা গেছে।

আটক কাজী আল হেলালের কাছে তালা ভাঙ্গার কাজে ব্যবহৃত একটি বিশেষ ধরনের স্কৃ ড্রাইভার, সাইকেলের স্পোক এবং একটি মোটরসাইকেল জব্দ

করা হয়েছে।

গাংনী থানার ভারপ্রাপ্ত কর্মকর্তা (ওসি) আব্দুর রাজ্জাক এ ঘটনার সত্যতা নিশ্চিত করেছেন। তিনি বলেছেন মসজিদ কমিটির সভাপতি বাদী হয়ে লিখিত অভিযোগ দিলে আইনগত ব্যবস্থা নেয়া হবে।

হরিণাকুণ্ডুতে ৫ কেজি গাজা গাছসহ ১ জন আটক

ঝিনাইদহের হরিনাকুন্ডু পৌরসভাধীন ৮ নং ওয়ার্ডের বৈঠা পাড়া গ্রামের মোঃ আলমগীর হোসেন পিতাঃ ছাব্দার আলী রাত ১১ টায় সময় গোপন সংবাদের ভিত্তিতে হরিনাকুন্ডু থানা পুলিশ অভিযান চালিয়ে আনুমানিক ৫ কেজি ওজনের গাজার গাছ সহ আসামী গ্রেপ্তার করেন ৷

হরিণাকুন্ডু থানার অফিসার ইনচার্জ মোহাম্মদ সাইফুল ইসলামের নেতৃত্বে সঙ্গীয় ফোর্স এসআই জগদীশ বসু,এসআই হুমায়ুন, পুলিশ সদস্য মুরাদ সহ আরো অনেকের সহযোগিতা করেন। পরবর্তীতে হরিনাকুন্ডু থানা পুলিশ এক প্রেস ব্রিফিংয়ের মাধ্যমে সাংবাদিকদের অবহিত করেন ৷